

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১২.০৫৪.২০-২৫

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৭
২৭ জুলাই ২০২০

বিষয়: মোহাম্মদ আলী ইয়াকুব আলী স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।

সূত্র: (১) ৯এ-২৪৩/অডিট/ক-৩/২০১৬/৪৮৯; তারিখ: ২১/০৬/২০১৭ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)
(২) ডিআইএ/সিটি/১২১৩-সি/১৬৫১; তারিখ: ২৪/১১/২০১৬ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ১৫/১০/২০১৫ খ্রি. ঢাকা জেলার সাভার উপজেলাধীন মোহাম্মদ আলী ইয়াকুব আলী স্কুল এন্ড কলেজটি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে যে সকল সুপারিশ/মন্তব্য করা হয়েছে তার মধ্যে নিম্নবর্ণিত মন্তব্য/সুপারিশসমূহ তুলনামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:

- ক. প্রতিষ্ঠানটিতে স্টক টেকিং পদ্ধতি চালু করতে হবে;
- খ. ফাইল রেজিস্টার, স্টক রেজিস্টার, ডিম্যান্ড এন্ড রিসিপ্ট রেজিস্টার, ডেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টার চালু করতে হবে;
- গ. ক্রয় কমিটি গঠন করে কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের যে কোন ক্রয় সম্পন্ন করতে হবে;
- ঘ. পর্যায়ক্রমে সকল শিক্ষককে অন্তর্ভুক্ত করে অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন করতে হবে;
- ঙ. প্রযোজ্য সকল ক্ষেত্রে স্পট কোটেশন ও ট্রেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করতে হবে;
- চ. প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন সকল ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
- ছ. ব্যয়ের ভাউচার সমূহ কমিটির অনুমোদন সাপেক্ষে যথাযথভাবে গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে;
- জ. প্রধান শিক্ষককে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে নিয়মিত ক্যাশ বহিতে অনুস্বাক্ষর করে আপ-টু-ডেট হিসাব সংরক্ষণ করতে হবে;
- ঝ. বছরের শুরুতে সম্ভাব্য আয়-ব্যয়ের উপর ভিত্তি করে বাজেট প্রণয়ন করতে হবে এবং বাজেট অনুযায়ী আয়-ব্যয় নির্বাহ করতে হবে;
- ঞ. প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্য তহবিল চালু করতে হবে;
- ট. বিজ্ঞান বিভাগে পর্যাপ্ত পরিমাণ বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদির ব্যবস্থা করতে হবে;
- ঠ. শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত মনিটরিং করতে হবে;
- ড. পাবলিক পরীক্ষায় অংশগ্রহণকারীদের জন্য বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে এ কার্যালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অধ্যক্ষ

মোহাম্মদ আলী ইয়াকুব আলী স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা


(মোহা: লিয়াকত আলী)

উপসচিব

ফোন: ৯৫৪৬১০৭

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপপরিচালক (মাধ্যমিক/কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাভার, ঢাকা
- ৭। চেয়ারম্যান, গভর্নিং বডি, মোহাম্মদ আলী ইয়াকুব আলী স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা
- ৮। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৯। অফিস কপি।